জীবননগরে ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ী আটক

জীবননগর থানা পুলিশের মাদক বিরোধী অভিযান ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ী আটক।

গতকাল বুধবার রাতে জীবননগর থানার অফিসার ইনচাজ(ওসি) মোঃ আব্দুল খালেকের নিদেশে জীবননগর থানার এস আই নাহিরুল ইসলাম সঙ্গীয় ফোস নিয়ে গোপন সংবাদের ভিক্তিত্বে জীবননগর উপজেলার ইসলামপুর মোড়ে মাদক বিরোধী অভিযান চালিয়ে সুবলপুর গ্রামের মৃত বদর উদ্দিন মন্ডলের ছেলে আব্দুস সাত্তার এবং পুরাতন লক্ষীপুর গ্রামের আব্দুর রশিদের ছেলে নাজমুল হাসানকে ২৫ পিচ ইয়াবাসহ আটক করে।

আটককৃত আসামীদের বিরুদ্ধে জীবননগর থানায় একটি মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা হয়েছে।

জীবননগর উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত

জীবননগর উপজেলা পরিষদের মাসিক সাধারন সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ১০টার সময় জীবননগর উপজেলা পরিষদের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয় ।

উপজেলা নিবাহী অফিসার মোঃ রোকুনুজ্জামানের সভাপতিত্বে মাসিক সাধারন সভায় উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার,উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জালাল উদ্দিন,সীমান্ত ইউপি চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিলটন,বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান,উপজেলা সমাজ সেবা অফিসার জাকির উদ্দিন মোড়ল প্রমুখ।

জীবননগরে মাসিক সভা অনুষ্ঠিত

জীবননগর উপজেলার আইনশৃঙ্খলা, চোরাচালান প্রতিরোধ এবং সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার বেলা ১০টায় জীবননগর উপজেলা পরিষদের সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত) ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র।
সভায় প্রধান অতিথি ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. হাফিজুর রহমান।

সভায় উপস্থিত থেকে বক্তব্য দেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইসা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিল্টন মোল্লা, বাঁকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদ, জীবননগর থানার পরিদর্শক (তদন্ত) স্বপন কুমার, সাংবাদিক জাহিদ বাবু, মিথুন মাহমুদ প্রমুখ।

জীবননগরে কৃষকদের মাঝে কৃষি যন্ত্রপাতি বিতরণ

জীবননগরে ভতুকিতে কৃষকদের মাঝে কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হয়েছে। বুধবার দুপুরে জীবননগর উপজেলা কৃষি অফিসের আয়োজনে ২০২২-২৩ অর্থবছরে কৃষি যন্ত্রপাতি, রবি মৌসুমে গম, ভুট্টা, সরিষা, শীতকালীন পেঁয়াজ ও মসুর ফসল উৎপাদনে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়।

জীবননগর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্রর সভাপতিত্বে

প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কৃষকদের মাঝে কৃষি যন্ত্রপাতি ও বীজ বিতরণ করেন,চুয়াডাঙ্গা-০২ আসনের সংসদ সদস্য, হাজী আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান,পৌর মেয়র রফিকুল ইসলাম,উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম,সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল,সাবেক উপজেলা চেয়ারম্যান গোলাম মোতুজা,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃসালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর থানার অফিসার ইনচাজ (ওসি) আব্দুল খালেক,সাবেক পৌর মেয়র জাহাঙ্গীর আলম প্রমুখ।

জীবননগরে ডিজিটাল উদ্ভাবনী মেলা উদ্বোধন

জীবননগরে দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলার উদ্বোধন করা হয়েছে।বুধবার সকাল সাড়ে ১১টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা চত্বরে দিন ব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলার উদ্বোধন করা হয়।

জীবননগর উপজেলার সহকারী কমিশনার (ভুমি) তিথি মিত্রের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ডিজিটাল উদ্ভাবনী মেলার উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান,জীবননগর পৌর সভার মেয়র রফিকুল ইসলাম,উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম,সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল,উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোর্তুজা,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুল খালেক,জীবননগর পৌর সভার সাবেক মেয়র জাহাঙ্গীর আলম,সীমান্ত ইউপি চেয়ারম্যান ইসাবুল ইসলাম

মিল্টন,বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান,মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান,রায়পুর ইউপি চেয়ারম্যান আব্দুর রশিদ শাহ,আন্দুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান শেখ শফিকুল ইসলাম মোক্তার,সীমান্ত ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আব্দুল মালেক মোল্লা প্রমুখ।

জীবননগরে জাতীয় নিরাপদ সড়ক দিবস পালিত

‘আইন মেনে সড়কে চলি, নিরাপদে ঘরে ফিরি’ প্রতিপাদ্য বিষয়ৃ নিয়ে চুয়াডাঙ্গার জীবননগর উপজেলায় জাতীয় নিরাপদ সড়ক দিবস পালিত হয়েছে।

এ উপলক্ষে আজ শনিবার জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়।

সকাল ১০ টার সময় উপজেলা পরিষদ চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে উপজেলা প্রশাসন সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) ও সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র।

আলোচনা সভায় বক্তব্য রাখেন- জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মো. হাফিজুর রহমান, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকি, উপজেলা অতিরিক্ত কৃষি কর্মকর্তা মো. আলমগীর হোসেন, সাংবাদিক সালাউদ্দীন কাজল, মিথুন মাহমুদ, মাইক্রোবাস চাকল মো. প্রদীপ, সিএনজি চালক হাবিবুর রহমান হবি প্রমুখ।

সভায় বক্তারা বলেন, দুর্ঘটনা প্রতিরোধে যানবাহন মালিক, যানবাহনের চালক, যাত্রী ও পথচারীদের যার যার অবস্থান থেকে দায়িত্ব পালন করতে হবে। কিশোর বাইকারদের চলাচল নিয়ন্ত্রণ করা, নিরাপদ পথচারী চলাচল নিশ্চিত করতে ফুটপাত দখলমুক্ত করা ও জেব্রা ক্রসিংয়ের ব্যবস্থা করা, শহরে ইজিবাইকের নিয়ন্ত্রণের ব্যবস্থা গ্রহনের মাধ্যমে নিরাপদ সড়ক নিশ্চিত করা হবে।

মনোহরপুরে আওয়ামী লীগ নেতাকর্মীদের সাথে এমপির মতবিনিময়

জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের নেতাকমিদের সাথে মতবিনিময় করলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

গতকাল রবিবার বিকাল সাড়ে ৪টার সময় জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে মাধবখালী গ্রামে এ মতবিনিময় অনুষ্ঠিত হয়।

মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি গোলাম রসুলের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর থানা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন খান প্রমুখ।

অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক আহসান হাবিব বকুল।

জীবননগরে অতিরিক্ত দামে সার

বিক্রি করার অপরাধে ব্যবসায়ীকে জরিমানা

জীবননগরে অতিরিক্তি দামে সার বিক্রি করায় এক বিসিআইসি ডিলারকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

সোমবার দুপুরে জীবননগর হাসপাতাল গেটের সামনে মেসার্স হক ট্রেডার্সকে এই জরিমানা করা হয়। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা কার্যালয় সূত্রে জানা গেছে, বিসিআইসি সারের ডিলার মেসার্স হক ট্রেডার্সের বিরুদ্ধে অতিরিক্তি দামে সার বিক্রির অভিযোগ ছিল।

এর পরিপ্রেক্ষিতে গতকাল সেখানে অভিযান চালানো হয়। এ সময় ১১০০ টাকা বস্তার ইউরিয়া সার ১২৫০ টাকায়, ১১০০ টাকার টিএসপি সার ১৭০০ টাকায় এবং ৮০০ টাকার ডিএপি ৯৫০ টাকায় বিক্রির প্রমাণ পাওয়া যায়।

তাই বিসিআইসি সারের ডিলারকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৪০ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। এ ছাড়া অতিরিক্ত দামে সার বিক্রির দুটি রশিদ বই জব্দ করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ বলেন, জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে।

জীবননগরে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিনামূল্যে বেঞ্চ প্রদান

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে প্রায় অর্ধকোটি টাকা মূল্যের বেঞ্চ বিনামূল্যে বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ১০ টার সময় জীবননগর উপজেলা পরিষদ চত্বরে আনুষ্ঠানিকভাবে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর প্রধান শিক্ষকদের মাঝে বেঞ্চগুলো বিতরণ করা হয়।

জীবননগর উপজেলা প্রশাসন সূত্রে জানা গেছে, স্থানীয় সরকার বিভাগ ও জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সীর (জাইকা) অর্থায়নে ২০২০-২১ অর্থ বছরে উপজেলা পরিচালনা উন্নয়ন প্রকল্পের অধীনে ৪৭ লাখ ১১ হাজার ৬৫০ টাকা ব্যয়ে উপজেলার ৩০টি মাধ্যমিক বিদ্যালয়ে ৬৫০ জোড়া বেঞ্চ বিতরণ করা হয়। বেঞ্চ বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন-জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মো. হাফিজুর রহমান, উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আরিফুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকি প্রমুখ।

জীবননগরে ভ্রাম্যমান আদালতে দুই প্রতিষ্ঠানে জরিমানা

চুয়াডাঙ্গার জীবননগরে অভিযান চালিয়ে একটি রেস্তোরাঁর মালিক ও একজন হোমিও চিকিৎসককে ১১ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

বৃহস্পতিবার বিকেল ৫টার দিকে জীবননগর হাসপাতাল সড়কে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এই জরিমানা আদায় করেন জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. আরিফুল ইসলাম।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, লাইসেন্স না থাকায় হোমিও প্রাকটিসনার অধ্যাদেশ আইন-১৯৮৩ এর ৩৬ ধারায় খাঁন হোমিও হলের চিকিৎসক হাসানুজ্জামান খাঁনকে এক হাজার টাকা জরিমানা করা হয়।

আর বাংলাদেশ হোটেল-রেস্তেরা আইন ২০১৪ এর ১৯ ধারায় ফুড গার্ডেনের মালিক হিমেলকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।